

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
সমষ্টি-২ শাখা।  
[www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd)

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০১৭.১৬-৮

২৭ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ

তারিখ :

০৯ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

### পরিপত্র

বিষয়: বিদ্যুৎ বিতরণকারী সকল সংস্থা/কোম্পানিসমূহের ভোগলিক সীমানা নির্ধারণ বিষয়ক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানির ভোগলিক সীমানা নির্দিষ্ট করা আছে। বিদ্যুৎ বিতরণ সিস্টেমের বিশৃঙ্খলা এড়ানোর জন্য সকল সংস্থা/কোম্পানিসমূহ স্ব স্ব ভোগলিক সীমানার মধ্যে সীমাবদ্ধ থাকা প্রয়োজন। এই লক্ষ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের মধ্যে বিশৃঙ্খলা এড়ানোর জন্য সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- ০১) এক সংস্থার ভোগলিক এলাকায় অন্য সংস্থার কর্তৃক বিদ্যুৎ সংযোগ প্রদান/নির্মিত লাইনসমূহ আগামী ০১ (এক) মাসের মধ্যে স্থানান্তরের কাজ সম্পন্ন করতে হবে;
  - ০২) আগামী ০১ (এক) মাসের মধ্যে অনুপ্রবেশকারী সকল প্রাহক সংযোগসহ নির্মিত লাইনসমূহ স্থানান্তরের ব্যর্থ হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/পরিসের জেনারেল ম্যানেজার এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
  - ০৩) ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগ প্রদান/লাইন নির্মাণের সময়ে নির্ধারিত ভোগলিক সীমানা অনুপ্রবেশ করা যাবে না;
  - ০৪) সকল প্রকার ট্যাপিং অপসারণ করতে হবে;
  - ০৫) প্রত্যেক বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ GIS ম্যাপ এবং ইলেক্ট্রিক নেটওয়ার্ক ম্যাপ প্রস্তুতপূর্বক বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।
- ০২। প্রতি সপ্তাহে অগ্রগতির প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।
  - ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

মোহাম্মদ ফজলুর রহমান  
(মোহাম্মদ ফজলুর রহমান)  
উপসচিব

ফোন : ৯৫৫৯৮৩৮।  
(coord-2@pd.gov.bd)

#### বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, বাপুবিবো/বিউবো, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো, ঢাকা/খুলনা/রাজশাহী।

#### সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ০৫। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।